# দেশে আবারও মৃদু ভূমিকম্প, কেঁপেছে ঢাকা-সিলেট



সংগৃহীত ছবি

সুনামগঞ্জের ছাতক উপজেলাকে কেন্দ্র করে বৃহস্পতিবার (১৯ ফেব্রুয়ারি) দুপুরে রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন এলাকায় মৃদু ভূমিকম্প অনুভূত হয়েছে।
আবহাওয়া অধিদপ্তর জানায়, দুপুর ১২টা ৪৬ মিনিটে কম্পনটি রেকর্ড করা হয়। রিখটার স্কেলে এর মাত্রা ছিল ৪ দশমিক ১।

আন্তর্জাতিক সংস্থা European-Mediterranean Seismological Centre জানিয়েছে, ভূমিকম্পটির উৎপত্তিস্থল ছিল ভারত-বাংলাদেশ সীমান্তবর্তী এলাকা। 'মাই আর্থকোয়েক অ্যালার্ট' অ্যাপের তথ্যে ছাতককে মূল কেন্দ্র হিসেবে দেখানো হয়েছে, যা ঢাকা থেকে প্রায় ১৮১ কিলোমিটার দূরে। আকস্মিক এই ভূকম্পনে কিছুক্ষণের জন্য আতঙ্ক ছড়িয়ে পড়লেও এখন পর্যন্ত কোথাও প্রাণহানি বা বড় ধরনের ক্ষয়ক্ষতির খবর পাওয়া যায়নি।

বিশেষজ্ঞদের মতে, কম্পনটির গভীরতা ছিল প্রায় ৬২৬ কিলোমিটার, যা তুলনামূলকভাবে গভীর। এ কারণেই ভূপৃষ্ঠে এর তীব্রতা কম ছিল এবং বড় ধরনের স্থাপনা ক্ষতির আশঙ্কাও কমেছে। তবে ছাতক, সুনামগঞ্জ ও সিলেট অঞ্চলে কম্পন বেশি অনুভূত হয়।

ভূমিকম্পের পর রাজধানীর অনেক বহুতল ভবন থেকে মানুষ নিচে নেমে আসে। সংশ্লিষ্ট দপ্তর পরিস্থিতি পর্যবেক্ষণে রেখেছে এবং সম্ভাব্য পরবর্তী কম্পন নিয়ে নজরদারি চলছে। স্থানীয় প্রশাসনও মাঠপর্যায়ে ক্ষয়ক্ষতির তথ্য সংগ্রহ করছে এবং প্রয়োজনীয় প্রস্তুতি রাখার কথা জানিয়েছে।

LENS ASIA